তারিখ 24 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

আজকের কাগজ

67

উপাচার্য ভবন ঘিরে রাখায়

# চ. বি. সিন্ডিকেটের সভা হতে পারেনি

সংগ্রামী ছাত্র ঐক্যের কর্মীরা উপাচার্যের বাসভবন ঘেরাও করে রাখায় গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভা হতে পারেনি। সকাল দশটায় এ বৈঠক হওয়ার কথা ছিলো।

এক ঘন্টা বাইরে অপেক্ষা করেও সিন্ডিকেট সদস্যরা ভেতরে ঢুকতে পারেননি। পরে ১১টায় উপাচার্য আলমগীর মোঃ সিরাজুদ্দিন সিন্ডিকেট সভা হবে না বলে ঘোষণা দেন। তারপরও শিবির কর্মীরা সাড়ে ১১টা পর্যন্ত ঘেরাও অব্যাহত রাখে। সভা হতে না পারায় হল সম্প্রসারণের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়লো। এ বৈঠকেই হল সম্প্রসারণ প্রসঙ্গে আলোচনা হওয়ার কথা ছিলো। খবর দিয়েছেন পংকজ দস্তিদার।